# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
# বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫০ = ৫০

১. আমরা কখন তওয়াফে জিয়ারত করার সুযোগ পাই?
(ক) হজ পালনে (খ) যাকাত আদায়ে (গ) সালাত আদায়ে (ঘ) সাওম পালনে

২. অপরাধীকে আল্লাহ সাথে সাথে শাস্তি দেন না, কারণ তিনি–
(ক) সর্বদ্রষ্টা (খ) সর্বশ্রোতা (গ) সর্বশক্তিমান (ঘ) অতি সহনশীল

৩. আল্লাহ বিষধর সাপকেও খাবার দেন, কারণ তিনি–
(ক) গাফুর (খ) রাজ্জাক (গ) খালিক (ঘ) হালিম

৪. অতি গোপনেও অন্যায় কিছু বলব না, কারণ আল্লাহ–
(ক) সামীউন (খ) বাসিরুন (গ) হালিমুন (ঘ) আলীমুন

৫. নবি-রাসুলের প্রতি বিশ্বাস আমাদের যে পথে ধাবিত করে–
(ক) রিজিকের (খ) নেতৃত্বের (গ) একত্ববাদের (ঘ) অর্থ উপার্জনের

৬. বিমান দুর্ঘটনায় একজন যাত্রী প্রাণে বেঁচে গেল, কারণ আল্লাহ–
(ক) সর্বদ্রষ্টা (খ) সর্বশক্তিমান (গ) সহনশীল (ঘ) সর্বশ্রোতা

৭. ভালো কাজ করলে আখিরাতে পাওয়া যাবে–
(ক) দুধের নহর (খ) মধুর নহর (গ) চিরশান্তি (ঘ) আমলনামা

৮. আখিরাতের জীবন শুরু হয় কখন থেকে?
(ক) হাশর (খ) মিজান (গ) কিয়ামত (ঘ) মৃত্যুর পর

৯. আল্লাহর কোন গুণে উদ্বুদ্ধ হয়ে তাঁর সৃষ্টিকে মানুষ যথাসাধ্য লালন পালন করেন?
(ক) রব (খ) রাজ্জাক (গ) খালিক (ঘ) সাত্তার

১০. বিসমিল্লাহ বলে যাত্রা শুরু করব কেন?
(ক) আয়ু বৃদ্ধির জন্য (খ) দ্রুত পৌছাতে
(গ) বিপদ থেকে রক্ষা পেতে (ঘ) কুরআনের নির্দেশ মানা

১১. কোন কাজটি নিয়মিত আদায় করলে মানুষের পাপের আশঙ্কা থাকবে না?
(ক) শুধু জুমআর নামাজ (খ) জানাযার নামাজ
(গ) শুধু ঈদের নামাজ (ঘ) পাঁচ ওয়াক্ত নামাজ

১২. সমাজে শান্তি বিরাজমান রাখার প্রকৃষ্ট পন্থা–
(ক) দুর্নীতিরোধ (খ) চুরিরোধ (গ) সততা চর্চা (ঘ) সময়ানুবর্তিতা

Teachingbd24.com

১৩. পরিবেশ সংরক্ষণ ও ভারসাম্য রক্ষায় কোন কাজটিকে বেশি গুরুত্ব দেওয়া প্রয়োজন?

(ক) ফুলের বাগান করা | (খ) ফসল চাষ করা
(গ) বৃক্ষরোপণ করা | (ঘ) সবজি বাগান করা

১৪. সালাত আদায়ে মহানবি (স.)-এর শেখানো নিয়ম অনুসরণ করব, কারণ তা—

(ক) সুন্নত (খ) নফল (গ) ওয়াজিব (ঘ) ফরজ

১৫. আল্লাহ পাকের আদেশ-নিষেধ জানার সর্বোৎকৃষ্ট উপায়—

(ক) হাদিস পাঠ | (খ) কুরআন অধ্যয়ন
(গ) ইসলামিক বই পাঠ | (ঘ) ইমামের ওয়াজ শোনা

১৬. শয়তানের ধোঁকায় কোনো পাপ হয়ে গেলে তুমি যা কর—

(ক) ক্ষমা চাইব (খ) সদকা দেব (গ) চুপচাপ থাকব (ঘ) সহনশীল হব

১৭. রিফাতের ছোট বোন সবসময় অসহিষ্ণু আচরণ করে। এক্ষেত্রে তার বোনকে সে কোন গুণে উদ্বুদ্ধ করবে?

(ক) ক্ষমাশীলতা (খ) সহনশীলতা (গ) বিচক্ষণতা (ঘ) উদারতা

১৮. আমরা পিতা-মাতার সাথে খারাপ আচরণ করব না, কারণ—

(ক) প্রতিবেশী মন্দ বলবে | (খ) আত্মীয়রা মন্দ বলবে
(গ) কুরআনের নিষেধ | (ঘ) তাঁরা কষ্ট পাবেন

১৯. হযরত ঈসা (আ.) হত্যার ঘৃণা ষড়যন্ত্র থেকে কীভাবে রক্ষা পেলেন?

(ক) আসমানে স্থান পেয়ে | (খ) ভয়ে পালিয়ে গিয়ে
(গ) আত্মসমর্পণ করে | (ঘ) শত্রুরা ছেড়ে দিলে

২০. আমরা কুরআন মজিদ বুঝে তেলাওয়াত করব কেন?

(ক) সুনামের জন্য | (খ) আলেম হবার জন্য
(গ) সফলতার উদ্দেশ্যে | (ঘ) মা-বাবাকে খুশি করতে

২১. সূরা 'আল কুরাইশ' এ আল্লাহ 'কুরাইশ' বলতে বুঝিয়েছেন—

(ক) ব্যক্তিকে (খ) জাতিকে (গ) বংশকে (ঘ) ভীতিকারীকে

২২. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে মুসলমান হিসেবে তোমার করণীয়—

(ক) জরিমানা আদায় | (খ) শাস্তি প্রদান
(গ) এড়িয়ে যাওয়া | (ঘ) সহিষ্ণু হওয়া

২৩. পরকালে জান্নাত পেতে তুমি অবশ্যই যা কর—

(ক) দান | (খ) গজল শুনি
(গ) অধিক নেক কাজ | (ঘ) মুনাজাত

২৪. মহানবি (স.) ইনসাফ এ ত্যাগের দৃষ্টান্ত স্থাপন করেন—

(ক) শৈশবেই (খ) কৈশোরে (গ) যৌবনে (ঘ) বার্ধক্যে

Teachingbd24.com

২৫. হযরত ঈসা (আ.) পুনরায় পৃথিবীতে আসবেন, কারণ—

(ক) বংশধরদের দেখতে
(খ) জন্মান্ধদের দৃষ্টিদান করতে
(গ) কুষ্ঠরোগীদের সেবা করতে
(ঘ) মহানবি (স.) এর উম্মত হতে

২৬. হযরত আদম (আ.) এবং হযরত হাওয়া (আ.) জান্নাতে নিষিদ্ধ গাছের ফল খেয়েছিলেন—

(ক) সুমিষ্ট ফল ভেবে
(খ) আল্লাহর আদেশে
(গ) ক্ষুধা নিবারণের জন্য
(ঘ) ইবলিসের ধোঁকায়

২৭. ধনী-দরিদ্র সকল মুসলমান ফরজ হিসেবে পালন করি—

(ক) হজ (খ) যাকাত (গ) সালাত (ঘ) কুরবানি

২৮. হাশরের দিন আল্লাহ্র অনুগ্রহ পেতে তুমি যে পথ অনুসরণ কর—

(ক) হাজিদের
(খ) শিক্ষকের
(গ) ইমামের
(ঘ) দীনের

২৯. নিসাব পরিমাণ টাকা থাকলে বছরান্তে প্রতি একশ টাকার যাকাত কত দিবে?

(ক) তিন টাকা (খ) আড়াই টাকা (গ) দুই টাকা (ঘ) দেড় টাকা

৩০. দুনিয়া ও আখিরাতে চরম সুখ-শান্তি লাভের আশায় তুমি কী কর?

(ক) পিতামাতার খেদমত
(খ) ভাইবোনের দেখাশোনা
(গ) আত্মীয়দের আপ্যায়ন
(ঘ) সহপাঠীদের যত্ন

৩১. ঘূর্ণিঝড়ের সময় বন্ধুর বাড়ি ভেঙ্গে গেলে তুমি যা করবে—

(ক) সহায়তা (খ) দুশ্চিন্তা (গ) পরামর্শ (ঘ) কান্নাকাটি

৩২. বাড়ির সামনে ফাঁকা জায়গায় যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে তুমি কী করবে?

(ক) ময়লা আবর্জনা ফেলব
(খ) বেড়া দিয়ে সংরক্ষণ করব
(গ) ফুল ও সবজির বাগান করব
(ঘ) বায়ু প্রবাহের জন্য খালি রাখব

৩৩. 'ইন্না আতাইনা কাল কাউসার' আয়াতটি পড়ার সময় তুমি কীভাবে 'ইন্না' শব্দটি পড়বে?

(ক) গুন্নাহ করে
(খ) একটু থেমে
(গ) জোর দিয়ে
(ঘ) আস্তে করে

৩৪. তোমার সহপাঠী কেউ পেনসিল কুড়িয়ে পেল, তা তোমার না হলে কী করবে?

(ক) দাবি জানাবে
(খ) মালিককে খুঁজবে
(গ) ফেলে দিবে
(ঘ) কিছুই করবে না

৩৫. বিতর সালাত আদায়ে দোয়া কুনুত বাদ পড়লে তুমি কোন কাজটি করবে?

(ক) রুকু
(খ) সিজদা
(গ) সালাম ফিরাব
(ঘ) সাহু সিজদাহ

৩৬. আখলাকের দৃষ্টান্ত স্থাপনে তুমি কী কর?

(ক) মিতব্যয়ী হই
(খ) পরিষ্কার-পরিচ্ছন্ন থাকি

Teachingbd24.com

(গ) সত্য কথা বলি (ঘ) হালাল খাবার খাই

৩৭. **তোমার কাছে কেউ কুরআন তিলাওয়াত শিখতে চাইলে প্রথমেই তুমি কী শিখাবে?**

(ক) হরফের মাখরাজ (খ) আয়াতের অর্থ

(গ) ওয়াক্‌ফ (ঘ) গুন্নাহ

৩৮. **সালাতে সূরা কুরাইশ পড়েই মনে হলো আয়াত ভুল হয়েছে, এক্ষেত্রে তুমি কী করবে?**

(ক) সালাত ছেড়ে দিবে (খ) সিজদাহ দিবে

(গ) সালাত শেষ করবে (ঘ) পুনরায় ঐ সূরা শুরু করবে

৩৯. **সমাজে বিশৃঙ্খলা দেখা দিলে তুমি কী করবে?**

(ক) এড়িয়ে যাবে (খ) উৎসাহ দেবে

(গ) শান্তির প্রচেষ্টা চালাবে (ঘ) অন্যত্র পলায়ন করবে

৪০. **কেউ অসাবধানতাবশত পানির ট্যাপ পুরোপুরি বন্ধ না করলে তুমি কী কর?**

(ক) বড়দের জানাব (খ) নিজে বন্ধ করব (গ) বন্ধুকে বলব (ঘ) এড়িয়ে যাব

৪১. **আমাদের পালনকর্তা কে?**

(ক) আব্বা-আম্মা (খ) আল্লাহ তায়ালা

(গ) ডাক্তার (ঘ) পীর মুর্শিদ

৪২. **আল আসমাউল হুসনা বলা হয় কাকে?**

(ক) মানুষের গুণাবলিকে (খ) ফেরেশতার গুণাবলিকে

(গ) আল্লাহর গুণবাচক নামসমূহকে (ঘ) নবিগণের গুণাবলিকে

৪৩. **সালাতের নিষিদ্ধ সময় কয়টি?**

(ক) তিনটি (খ) চারটি (গ) পাঁচটি (ঘ) সাতটি

৪৪. **কাবা শরিফ কোথায় অবস্থিত?**

(ক) মক্কায় (খ) মদিনায় (গ) জেরুজালেমে (ঘ) ফিলিস্তিনে

৪৫. **পাঁচ ওয়াক্ত সালাতে কত রাকআত ফরজ?**

(ক) পাঁচ রাকআত (খ) দশ রাকআত

(গ) পনেরো রাকআত (ঘ) সতেরো রাকআত

৪৬. **হযরত ইবরাহীম (আ.) এর পিতার নাম কী?**

(ক) আজম (খ) হাতেম (গ) আজর (ঘ) আমর

৪৭. **মহানবি (স.) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?**

(ক) ৫২২ খ্রি. (খ) ৫৭০ খ্রি. (গ) ৬১০ খ্রি. (ঘ) ৫২২ খ্রি.

৪৮. **এবাদত শব্দের অর্থ কী?**

(ক) প্রার্থনা (খ) আনুগত্য (গ) দান করা (ঘ) সিয়াম সাধনা

Teachingbd24.com

৪৯. **আখলাক শব্দের অর্থ কী?**

(ক) আচরণ (খ) সদাচার (গ) সুন্দর (ঘ) উত্তম

৫০. **সালাতের আরকান কয়টি?**

(ক) পাঁচটি (খ) সাতটি (গ) তেরোটি (ঘ) পনেরোটি

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) কীসের মাধ্যমে নবি-রাসুলগণ জ্ঞান লাভ করেছেন?

(খ) কী এমন এবাদত আছে যার মাধ্যমে মুসলিম বিশ্বের লাখো মুসলিমদের সাথে পরিচয়ের সুযোগ ঘটে?

(গ) পরিবেশ সংরক্ষণ করা প্রয়োজন কেন?

(ঘ) তিলাওয়াতের ক্ষেত্রে গুন্নাহ করা অপরিহার্য কেন?

(ঙ) মূর্খতার যুগের একটি বৈশিষ্ট্য লেখ।

(চ) খাদিজা (রা.) কেন মহানবি (স.) এর প্রতি মুগ্ধ ছিলেন?

(ছ) আখিরাতের জীবন সম্পর্কে তোমার ছোট ভাইকে দেওয়া একটি উপদেশ লেখ।

(জ) আমলনামায় পুণ্য বাড়াতে তুমি কী কর?

(ঝ) পাপ কর্মের জন্য ক্ষমা চাওয়ার পর তোমার করণীয় কী?

(ঞ) কারো কাছ থেকে ধার নিলে তুমি কী করবে?

(ট) ইমান শব্দের অর্থ কী?

(ঠ) মদিনার সনদের ধারা কয়টি?

(ড) মানবজাতিকে আল্লাহ তায়ালা কেন সৃষ্টি করেছেন?

(ঢ) তাহারাত বলতে কী বোঝ?

(ণ) মুহাজির কাদের বলে?

Teachingbd24.com

৩। **(ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে একটি নিয়ে মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) যাকাত আদায়ের পাঁচটি উপকারিতা লেখ। ৫

(খ) তুমি তোমার বিদ্যালয়ে কীভাবে সহনশীলতা প্রদর্শন করবে? পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) সূরা কাফিরুন কোথায় অবতীর্ণ হয়েছিল? সূরাটির চারটি আয়াতের বাংলা অর্থ লেখ। ৫

(ঘ) হযরত দাউদ (আ.) কে সুশাসক বলব কেন? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ঙ) নিজেকে কীভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখ? পাঁচটি বাক্যে লেখ। ৫

(চ) সদাচার কী? সকলের ঘৃণা হতে রক্ষা পেতে তুমি কী কর? চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(ছ) তুমি কীভাবে মসজিদের আদব রক্ষা কর? পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) মহানবি (স.) কে কেন আল-আমিন বলা হয়? তাঁর আদর্শ অনুসরণে তুমি যা কর চারটি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

(ঝ) শান্তি সংঘ কে প্রতিষ্ঠা করেন? শান্তি সংঘের চারটি উদ্দেশ্য লেখ। ১ + ৪ = ৫

(ঞ) সালাতের পাঁচটি গুরুত্ব লেখ। ৫

https://teachingbd24.com